

ঢাকা বিশ্ববিদ্যালয়ে (ঢাবি) ছাত্রদলের ওপর ছাত্রলীগের হামলার অভিযোগ পাওয়া গেছে। ছাত্রদলের অভিযোগ- গতকাল মঙ্গলবার বিকালে উপাচার্যের সঙ্গে সাক্ষাৎ করতে যাওয়ার সময় তাদের ওপর হামলা চালানো হয়। এতে তাদের ১০ নেতাকর্মী আহত হয়েছেন।

ঢাবি শাখা ছাত্রদলের সাধারণ সম্পাদক আরিফুল ইসলামের ভাষ্য- বিশ্ববিদ্যালয়ে তাদের সংগঠনের নতুন কমিটি হয়েছে। এই কমিটির ৩০-৩৫ জন গতকাল উপাচার্যের সঙ্গে সাক্ষাৎ করতে যাচ্ছিলেন। বিকাল সাড়ে ৪টার দিকে স্যার এএফ রহমান হল শাখা ছাত্রলীগের এক কর্মী মিছিলের সামনে দাঁড়িয়ে যান। ছাত্রদলের নেতাদের সঙ্গে তার ধাক্কাধাক্কি ও তর্কাতর্কি হয়। পরে এএফ রহমান হল শাখা ছাত্রলীগের সভাপতি রিয়াজুল ইসলামের নেতৃত্বে ছাত্রদলের ওপর হামলা হয়। হামলার পর ছাত্রদলের নেতাকর্মীরা নীলক্ষেতের দিকে চলে যান। সেখানে তাদের ধাওয়া দেয় কবি জসিমউদ্দীন হল শাখা ছাত্রলীগ ও বিজয় একাত্তর হল শাখা ছাত্রলীগের নেতাকর্মীরা।

advertisement 3

আরিফুল জানান, ছাত্রলীগের হামলায় তিনিসহ ঢাবি শাখা ছাত্রদলের সভাপতি খোরশেদ আলম সোহেল, যুগ্ম সাধারণ সম্পাদক আবদুল জলিল আমিনুল, মাসুম বিল্লাহ ফারহান মোহাম্মদ আরিফ, নাছির উদ্দিন শাওন, রাজু আহমেদ, সুপ্রিয় দাস শান্ত, নাজমুস সাকিব, সহ-সাধারণ সম্পাদক মুন্সি সোহাগ, প্রচার সম্পাদক ইমাম আল নাসের ও আন্তর্জাতিক সম্পাদক জসিম খান আহত হয়েছেন।

advertisement 4

এদিকে নেতাকর্মীদের ওপর হামলার প্রতিবাদে আজ সারাদেশে বিশ্ববিদ্যালয়, জেলা ও মহানগরে বিক্ষোভ মিছিল এবং নয়াপল্টনে বিএনপির কেন্দ্রীয় কার্যালয়ের সামনে ‘প্রতিবাদী ছাত্র সমাবেশ’ ঘোষণা করেছে ছাত্রদল।

ছাত্রলীগের এই হামলাকে ন্যাক্কারজনক ও অগণতান্ত্রিক আখ্যা দিয়ে ঘটনার প্রতিবাদ জানিয়েছে পাবলিক বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের সংগঠন ‘ইউনিভার্সিটি টিচার্স অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (ইউট্যাব)’। সংগঠনের প্রেসিডেন্ট অধ্যাপক ড. এবিএম ওবায়দুল ইসলাম ও মহাসচিব অধ্যাপক ড. মো. মোর্শেদ হাসান খান গতকাল সোমবার এক বিবৃতিতে বলেন, ঢাবি হলো মুক্তবুদ্ধি চর্চার প্রধান কেন্দ্র। ঢাবি ছাত্রদলের নতুন কমিটির নেতারা বিশ্ববিদ্যালয় প্রশাসনের সঙ্গে কথা বলেই ক্যাম্পাসে প্রবেশ করছিলেন; কিন্তু প্রবেশপথেই ছাত্রলীগের দুষ্কৃতকারীরা অতর্কিত আক্রমণ করে তাদের বেধড়ক মারপিট করে, যা অগণতান্ত্রিক ও ন্যাক্কারজনক।

হামলার ঘটনা অস্বীকার করে ঢাকা বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগের সাধারণ সম্পাদক সাদ্দাম হোসেন বলেন, আমাদের কোনো নেতাকর্মী হামলায় জড়িত নয়। ছাত্রদলের সঙ্গে কিছু ঘটে থাকলে তা তাদের অভ্যন্তরীণ কোন্দলের বহিঃপ্রকাশ।

3
Shares